যুগান্তর

তারিখ : 4 AUG 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ভিসি নির্বাচনের প্যানেল স্থগিত

যুগান্তর রিপোর্ট

২৯ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) বিশেষ সিনেট সভায় মনোনীত উপাচার্য নির্বাচনের জন্য ৩ সদস্যের প্যানেলের পরবর্তী কার্যক্রম স্থগিত করেছেন সুপ্রিমকোর্টের আপিল বিভাগ। একই সঙ্গে আগামী ৪ সপ্তাহের মধ্যে মামলা নিষ্পত্তি করতে নির্দেশ দিয়েছেন আদালত।

বৃহস্পতিবার প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহার নেতৃত্বাধীন আপিল বেঞ্চ এ আদেশ দেন। আদালতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে শুনানি করেন আবদুল মতিন খসরু ও এএফএম মেজবাহ উদ্দিন। রিট আবেদনকারীদের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার

■ পৃষ্ঠা ১৭ : কলাম ৭

## ভিসি নির্বাচনের প্যানেল স্থগিত

(৩য় পৃষ্ঠার পর)

রোকনউদ্দিন মাহমুদ। এদিকে রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করে যাবেন অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক। তার বর্তমান মেয়াদ ২৪ আগস্ট শেষ হওয়ার কথা রয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নির্বাচনে তিন সদস্যের প্যানেল মনোনীত করতে ২৯ জুলাই সিনেটের বিশেষ সভা ডাকা হয়। ওই বিশেষ সভার জন্য ১৬ জুলাই সিনেট সদস্যদের চিঠি পাঠান বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার। সিনেটের বিশেষ সভার নোটিশের বৈধতা চ্যালেঞ্জ করে বিশ্ববিদ্যালয়ের ১২ শিক্ষকসহ ১৫ জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট রিট আবেদন করেন। রিটের ওপর ২৪ জুলাই শুনানি নিয়ে হাইকোর্ট রুলসহ নোটিশের কার্যকারিতা স্থগিত করেন।

হাইকোর্টের আদেশ স্থগিত চেয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চেম্বার বিচারপতির আদালতে আবেদন করে। এ আবেদনের পরিপ্রেক্ষিতে ২৬ জুলাই চেম্বার বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন হাইকোর্টের আদেশ স্থগিত করেন। এর মধ্যে ৩০ জুলাই আপিল বিভাগের পূর্ণাঙ্গ বেঞ্চে আবেদনটি শুনানির জন্য উঠে। ওই দিন রিট আবেদনকারী পক্ষ বৃহস্পতিবার পর্যন্ত সময় নেন। সে অনুসারে বৃহস্পতিবার আবেদনটি ফের শুনানিতে উঠে।

উপাচার্য নির্বাচনে তিন সদস্যের প্যানেল মনোনীত করতে ২৯ জুলাই সিনেটের বিশেষ সভা যথারীতি অনুষ্ঠিত হয়। সভায় তিনজনের উপাচার্য প্যানেল নির্বাচন করা হয়। বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত এ প্যানেলে বর্তমান উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক, কোষাধ্যক্ষ অধ্যাপক মো. কামাল উদ্দীন ও বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মো. আবদুল আজিজ রয়েছেন। তাদের মধ্যে আ আ ম স আরেফিন সিদ্দিকের তৃতীয় মেয়াদে উপাচার্য হওয়ার সম্ভাবনা রয়েছে। সিনেটে মনোনীত এ তিনজনের প্যানেল থেকে বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ একজনকে উপাচার্য পদে নিয়োগ দেবেন।